

স্মারক নং- ধবিম/হ:শা:/৬-২৩/২০১০-৩৮০

তারিখ: ০১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে মেসার্স পুল স্টার ইন্টারন্যাশনাল (হ.লা. নং-৫২১), New Eden Market (5th Floor), 10/3/5 Toynbee Circular Road, Motijheel C/A, Dhaka-1000. এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে মো: আফজাল হোসেন, মো: রায়হান সারোয়ার, মনিরুল ইসলাম মিলন গং নিম্নরূপ অভিযোগ দাখিল করেছে;

- (ক) “খানা: অত্যন্ত নিম্নমানের খানা পরিবেশন করেছে যা অন্যের সামনে দিতেও ভদ্র মানুষ লজ্জাবোধ করবে।
- (খ) দুপুরের খাবার-২:৪৫ মি: পরে এবং রাতের খাবার আসে-রাত-১১:০০ পর।
- (গ) আমাদের মা, বোন ও স্ত্রী না খেয়ে ঘুমিয়ে পড়ে, গুপ লিডারের বিরুদ্ধে ঘরোয়া বৈঠক হয়। তাকে বিভিন্ন ধরনের কথা বলা হয়। গুপ লিডার সাইফুল্লাহ মামুন এর সাথে ফোনে বারংবার যোগাযোগ করে কোন সুফল আনতে পারেননি, সর্বশেষ হাজীদের মধ্য তার বন্ধুর দ্বারা ঢাকা থেকে ফোন করে এর সমাধান হয় এতে ০৯ দিন সময় অতিবাহিত হয়।
- (ঘ) বাসা: যেখানে আমাদেরকে রেখেছিলেন তা ছিল খুবই নিম্নমানের বাসা। প্রতিদিন কোন রুমে এসির পানিতে কঞ্চল ভিজে থাকত।
- (ঙ) প্রতি ৩ সিটের রুমে ৪ জন করে ৪ সিটের রুমে ৫ জন এ ভাবে প্রতি ফ্লোরে ১৫ জনের জায়গায় ১৯ জন করে রেখেছিলেন যা বসবাসের জন্য কষ্টকার ছিল।
- (চ) প্রতি ফ্লোরে ০৫ রুম ছিল। তার মধ্যে দু’টি রুমে যৌথ বাথরুম ছিল।
- (ছ) মক্কা হতে বাংলাদেশে আসার ৪ দিন আগে থেকে শুরু হলো দু:চিন্তা, লাগেজ কিভাবে জেদ্দা পৌঁছাব। পুলস্টারের স্বত্বাধিকারী জনাব সাইফুল্লাহ মামুন, এ বিষয়ে কিছু জানেন না এবং কোন পদক্ষেপ নিবেন না বলে জানিয়েছেন। এবং এ নিয়ে অনেক অপমান কর মন্তব্য করেছেন। তার মধ্যে একটি হাজিরা লাগেজ মাথায় করে জেদ্দায় নিয়ে যাবে”।

০৪। যেহেতু আপনি অভিযোগমতে হজযাত্রীর চাহিদা মোতাবেক সেবা প্রদান করতে ব্যর্থ হয়েছেন; এবং

০৫। যেহেতু অভিযোগমতে এই ধরনের অনিয়ম ও অসদাচরনের জন্য হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১২ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

০৬। সেহেতু অভিযোগমতে আপনার কর্তৃক পরিচালিত মেসার্স পুল স্টার ইন্টারন্যাশনাল (হ.লা. নং-৫২১) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১২ ধারা লঙ্ঘন করায় একই আইনের ১৩ অনুযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হইবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মামুন আলফারুক

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

জনাব মুহাম্মদ সাইফুল্লাহ আল মামুন

স্বত্বাধিকারী

পুল স্টার ইন্টারন্যাশনাল (হ.লা. নং-৫২১)


New Edne Market (5th Floor), 10/3/5 Toynbee Circular Road,
Motijheel, Dhaka-1000

স্মারক নং- ধবিম/হ:শা:/৬-২৩/২০১০-৩৮০

তারিখ: ০১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (নোটিশটি হজের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৮. অফিস কপি


মামুন আলি ফারুক
সিনিয়র সহকারী সচিব